

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
উদ্ভিদ সংরক্ষণ উইং
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

স্মারক নং : ১২.১১.০০০০.০১২.৯৯.০০৪.২০১৮- ২৪৫৭/১ (৩৭)

তারিখঃ ২৬/১০/২০১৮

প্রাপক
অতিরিক্ত পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
-----অঞ্চল (সকল)।

বিষয়ঃ গম ও আলু ফসলের বীজ শোধন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রবি মৌসুমের গুরুত্বপূর্ণ ফসল গম। গমের ব্লাস্ট একটি ক্ষতিকর ছত্রাকজনিত রোগ। গমের শীঘ্র বের হওয়া থেকে ফুল ফোটার সময়ে তুলনামূলক গরম ও আর্দ্র আবহাওয়া থাকলে এ রোগের আক্রমণ ঘটতে পারে। বীজ শোধনের মাধ্যমে গম বীজ বপন করলে এ রোগের প্রাদুর্ভাব কমানো সম্ভব। এই রোগ দমনে বিজ্ঞানীগণ বীজ শোধন কার্যক্রমকে অনুমোদন করেছেন। এছাড়াও বীজ শোধনের মাধ্যমে বপন করলে গমের অন্যান্য বীজ বাহিত রোগ দমন হয় এবং ফলন বৃদ্ধি পায়। বীজ শোধনের জন্য নিম্নবর্ণিত যেকোন গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক ব্যবহার করা যেতে পারেঃ

জেনিরিক নাম	বানিজ্যিক নাম	প্রয়োগ মাত্রা
কার্বক্সিন ৩৭.৫% + থিরাম ৩৭.৫%	প্রোভ্যাক্স ২০০ ডব্লিউপি	প্রতি কেজি বীজের সাথে ৩ গ্রাম হারে মিশিয়ে
কার্বক্সিন ১৭.৫% + থিরাম ১৭.৫%	ভিটাক্সো ২০০ এফএফ	প্রতি কেজি বীজের সাথে ৩ মিলি হারে মিশিয়ে
ইপ্রোডিয়ন ৫০%	রোভরাল ৫০ ডব্লিউপি	প্রতি কেজি বীজের সাথে ৩ গ্রাম হারে মিশিয়ে

রবি মৌসুমে অন্যতম গুরুত্বপূর্ণ ফসল হল আলু। আলুও বিভিন্ন বীজ বাহিত রোগ দ্বারা আক্রান্ত হতে পারে। বীজ শোধন করে ফসল লাগানোর ফলে ৪/৫ সপ্তাহ পর্যন্ত রোগের আক্রমণ থেকে ফসল সুরক্ষিত থাকে এবং ফলন বৃদ্ধি পায়। বীজ শোধনের মাধ্যম আলু বপন করলে আলুর ফলন বৃদ্ধির সাথে সাথে গুণগত মানও বৃদ্ধি পায়। বীজ শোধনের জন্য নিম্নবর্ণিত যেকোন গ্রুপের অনুমোদিত ছত্রাকনাশক ব্যবহার করা যেতে পারেঃ

জেনিরিক নাম	বানিজ্যিক নাম	প্রয়োগ মাত্রা
কার্বক্সিন ৩৭.৫% + থিরাম ৩৭.৫%	প্রোভ্যাক্স ২০০ ডব্লিউপি	প্রতি কেজি বীজের সাথে ২.৫ গ্রাম হারে মিশিয়ে
কার্বক্সিন ১৭.৫% + থিরাম ১৭.৫%	ভিটাক্সো ২০০ এফএফ	প্রতি কেজি বীজের সাথে ৩.৫ মিলি হারে মিশিয়ে


আপনার অঞ্চলের কৃষকগণ যাতে এ সমস্ত রোগ থেকে চলতি মৌসুমে আবাদকৃত গম ও আলু ফসল রক্ষা করতে পারেন তার জন্য এখন থেকেই গম ও আলু বীজ শোধনে উদ্বুদ্ধ করার জন্য আপনার অঞ্চলাধীন সকল জেলার উপজেলা কৃষি কর্মকর্তাগণকে এ বিষয়ে পদক্ষেপ নেয়ার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দিতে অনুরোধ করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।


(অমিতাভ দাস)

পরিচালক

উদ্ভিদ সংরক্ষণ উইং
ফোন নং : ৯১৩১২৯৫

৭৪
২৬/১০/১৮